

SA  
৩১/৭/১৭

## একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুল ভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা  
www.molwa.gov.bd

নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-৩২৭


তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৪  
২০ জুলাই ২০১৭

### পরিপত্র

বিষয়: মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের প্রমানক সংশ্লিষ্ট হার্ডকপির পরিবর্তে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রক্ষিত মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/গেজেট/মুক্তিবর্তা (লাল বই)/ভারতীয় তালিকা যাচাইপূর্বক ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্য বাস্তবায়নের নিমিত্তে এখন থেকে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/গেজেট/মুক্তিবর্তা (লাল বই)/ভারতীয় তালিকা যাচাইপূর্বক (সফটকপি) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান করা যাবে। সে কারণে আপাততঃ সাময়িক সনদ ও গেজেট/প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ/মুক্তিবর্তা (লাল বই)/ভারতীয় তালিকার হার্ডকপি যাচাই করার প্রয়োজন হবে না।

একইভাবে চাকরিতে নিয়োগ, পিআরএল, ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রমের ক্ষেত্রেই এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে রক্ষিত তালিকা যাচাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ মন্ত্রণালয় কর্তৃক পূর্বে প্রদত্ত সাময়িক সনদ ও গেজেট/প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত সনদ/মুক্তিবর্তা (লাল বই)/ভারতীয় তালিকার হার্ডকপি পরীক্ষা করার আবশ্যিকতা নেই। এ মন্ত্রণালয় সময় সময় প্রয়োজনে ওয়েবসাইট হালনাগাদ করবে। সেক্ষেত্রে হালনাগাদকৃত তালিকাই চূড়ান্ত হিসেবে গণ্য হবে। এ বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১২ জুন ২০১৭ তারিখে ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১-২৪২ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্রের অনুবৃত্তিক্রমে এ পরিপত্র জারি করা হলো।

  
(মোঃ নজরুল ইসলাম)  
উপসচিব  
ফোন: ৯৫৫০১৩৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। জেলা প্রশাসক (সকল), জেলা- .....
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা- ....., জেলা- .....
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), জেলা- .....
- ৪। উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা- ....., জেলা- .....
- ৫। প্রশাসক, জেলা ও মহানগর কমান্ড কাউন্সিল (সকল) ও জেলা প্রশাসক .....জেলা।
- ৬। প্রশাসক, উপজেলা কমান্ড কাউন্সিল (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা- ..... জেলা- .....


নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৩৪.০০১.১৭-৩২৭

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৪  
২০ জুলাই ২০১৭

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৫। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ- .....
- ৭। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (উল্লিখিত পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ)।
- ৮। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
- ৯। প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, মগবাজার, ঢাকা।
- ১০। সংরক্ষণ নথি।

  
(মোঃ নজরুল ইসলাম)  
উপসচিব (বাজেট)  
ফোন: ৯৫৫০১৩৩